যুগান্তর

তারিখ 21 JAN 2006

পৃষ্ঠা কলাম

ওয়েবভ্রমণ

# অনলাইনে পাবলিক লাইব্রেরি

▶ বলা হয় বই মানব সভ্যতার পরিচয় প্রদান করে। সভ্যতার অন্যতম উপকরণ হিসেবে বইয়ের ভূমিকা অনস্বীকার্য। প্রাচীনকাল থেকেই বই বিভিন্নভাবে মানুষের, সমাজের অনুভূতি বহন করে চলেছে। বিজ্ঞানীরা বলেন, মানুষ যখন থেকে গুহা ছেড়ে নিজের তৈরি আবাসস্থলে অবস্থান শুরু করে তখন থেকেই জ্ঞান অন্বেষণ একটি নির্দিষ্ট রূপ পেতে শুরু করে। আর এভাবেই এক সময় মানুষের হাতে বই আসে। পৃথিবীর আধুনিক যত সভ্যতা গড়ে উঠেছে তার প্রধান উপাদানগুলোর একটি ছিল বই। ইতিহাসে পাওয়া যায়, মিশরীয় ফারাও আনেসনামেন তৈরি করেছিলেন নিজস্ব এক লাইব্রেরি। সেই লাইব্রেরিতে ছিল প্যাপিরাসে লেখা অনেক বই। অবশ্য ঐ প্যাপিরাস লেখনীগুলোকে বই বলতে নারাজ অনেক গবেষক। .......

▶ বিশ্বের লাইব্রেরিগুলোর ইতিহাসে সবচেয়ে বড় জায়গা ধরে আছে আলেকজান্দ্রিয়ার লাইব্রেরি। বিজ্ঞানীরা বলেন, এখন পর্যন্ত বিশ্বের সবচেয়ে বড় লাইব্রেরিগুলোর একটি এই লিবারেরিয়া দ্য আলেকজান্দ্রিয়া। বিখ্যাত দার্শনিক টলেমানইওস সোটার ছিলেন এই লাইব্রেরির প্রথম পরিচালক। তার হাত ধরে প্রথমে দুই লাখ প্যাপিরাস রোল নিয়ে যাত্রা শুরু হয় এর। কিছুদিনের মধ্যেই এর সংখ্যা গিয়ে দাড়ায় পাঁচ লাখে। এই বইয়ের রোলগুলোর জন্য প্রয়োজনীয় প্যাপিরাস আসত পার্শ্ববর্তী এক শহর থেকে। দুই শহরের মধ্যে সংঘাত শুরু হলে সমস্যায় পড়েন সংগ্রাহকরা। এখান থেকেই শুরু হয় চামড়ার তৈরি কাগজে বই লিপিবদ্ধকরণ। এর পরে এই লাইব্রেরি প্রথম বিপদে পড়ে যখন আগুন লেগে পুড়ে যায় প্রায় চল্লিশ হাজার রোল। আবারও সাজানো শুরু হয় নতুন করে আলেকজান্দ্রিয়ার পাবলিক লাইব্রেরি। .......

▶ ১৯৯৭ সালে প্রথমবারের মতো বিখ্যাত বইগুলোর অনলাইন প্রদর্শনীর আয়োজন করে অক্সফোর্ড প্রেস ও ফোকলোর সোসাইটি অব ব্রিটেন। তখন অবশ্য দুর্লভ কালেকশন খুব বেশি প্রদর্শন করেনি তারা। এর পরের বছরই একই সময়ে এই প্রদর্শনীতে অংশ নেয় বিশ্বের ৮২টি প্রকাশক প্রতিষ্ঠান। অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ে উদ্বোধন হওয়া এই



অনলাইন বুকস শো থেকে চিন্তা আসে অনলাইন পাবলিক লাইব্রেরি করার। সেখান থেকেই যাত্রা শুরু হয় সোসাইটি অব বুক রীডারস-এর ওয়েবসাইটের। তারা সঙ্গে সঙ্গে চালু করেন করেন একটি ডিজিটাল আর্কাইভ। এখন পৃথিবীতে প্রায় ৭০টি ডিজিটাল লাইব্রেরি রয়েছে। এদের কালেকশনে রয়েছে প্রায় ৬৯ লক্ষ বইয়ের ডিজিটাল সংস্করণ। এখন প্রতিদিন প্রায় ১.১ কোটি মানুষ পৃথিবীর এসব ডিজিটাল বুকস আর্কাইভ বিভিন্ন কারনে ব্রাউজ করে। .....

এখন পর্যন্ত বিশ্বের সবচেয়ে বড় অনলাইন গনগ্রন্থাগার হল www.readprint.com। এখানে রয়েছে বই নিয়ে প্রচুর তথ্যসূত্র ও অন্যান্য ওয়েবসাইটের লিংক। রয়েছে ডিজিটাল লাইব্রেরি, ক্যাটালগ, বই খোঁজার উপায় ও কিনতে হলে কী করতে হবে তার বিশদ বিবরণ। এছাড়া নতুন আসা বই রিভিউ ও ডিবেটের জন্য রয়েছে ফোরাম। লাইব্রেরি যদি কোনওভাবে আপনাকে বিন্দুমাত্র আকৃষ্ট করে তবে এই সাইটটি হতে পারে আপনার জন্য এক নতুন দিগন্ত।

# এবিএম হাসান

## সতীর্থ সাইট

www.ipl.org
blpc.bl.uk
www.sailor.lib.md.us
www.nypl.org
pioneer.utah.gov
www.phoenixpubliclibrary.org
www.vpl.vancouver.bc.ca
www.libraryspot.com
www.ferglib.org/ferg
www.worthingtonlibraries.org
www.oaklandlibrary.org
www.halifaxpubliclibraries.ca
www.plos.org